সমকাল

তারিখ 13 NOV 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

# রাজধানীর স্কুলে ভর্তি ফরম বিতরণ শুরু

সমকাল প্রতিবেদক

রাজধানীর স্কুলগুলোতে গতকাল শনিবার ২০১৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য ফরম বিতরণ শুরু হয়েছে। বেশিরভাগ স্কুলে সরাসরি ফরম বিক্রি করা হচ্ছে। আবার কোনো কোনো স্কুলের ফরম অনলাইনে ছাড়া হয়েছে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা (মাউশি) অধিদপ্তর সূত্র জানায়, ২০১৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য গতকাল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ফরম বিতরণ শুরু হয়েছে। আগামী দুই-চার দিনের মধ্যেই বেসরকারি সব নামি-দামি স্কুল এ কার্যক্রম শুরু করবে। সরকারি স্কুলগুলোতে অনলাইনে ভর্তি আবেদন পাওয়া যাবে ৩০ নভেম্বর থেকে।

**অনলাইনে ৩০ নভেম্বর থেকে সরকারি স্কুলে ভর্তির আবেদন**

সবার আগে গত ১০ নভেম্বর থেকে ভর্তি ফরম বিতরণ শুরু করেছে রাজধানীর মনিপুর স্কুল অ্যান্ড কলেজ। প্রথম শ্রেণিতে এই স্কুলে আবেদনের শেষ তারিখ ২২ নভেম্বর। অন্যান্য শ্রেণিতে আগামী ১৩ ডিসেম্বর পর্যন্ত ফরম বিতরণ চলবে।

ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে গতকাল সকাল ৬টা থেকে অনলাইনে আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। চলবে ২২ নভেম্বর পর্যন্ত। বিস্তারিত তথ্য স্কুলের ওয়েবসাইটে (www.vnsc.edu.bd) দেওয়া হয়েছে।

উইলস লিটল ফ্লাওয়ার স্কুল অ্যান্ড কলেজেও পৃষ্ঠা ১৫ : কলাম ৭

## রাজধানীর স্কুলে ভর্তি

[তৃতীয় পৃষ্ঠার পর]

গতকাল ভর্তি ফরম বিতরণ শুরু হয়েছে। ১০ ডিসেম্বর পর্যন্ত প্রাক-প্রাথমিক স্তরের ভর্তি ফরম জমা দিতে হবে। প্রথম থেকে অষ্টম শ্রেণির ভর্তি ফরম ২০ ডিসেম্বর পর্যন্ত জমা দেওয়া যাবে। বিস্তারিত তথ্য প্রতিষ্ঠানের ওয়েবসাইটে (www.wlfsc.edu.bd) পাওয়া যাচ্ছে।

রাজধানীর আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের সব শাখায় আগামী ১৫ নভেম্বর থেকে ভর্তি ফরম ছাড়ার কথা রয়েছে। ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি গার্লস স্কুলেও একই তারিখে ফরম বিতরণ শুরু হবে। বনানী বিদ্যানিকেতনে গত ৩ নভেম্বর থেকেই ফরম বিতরণ শুরু হয়েছে।

ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয় সরকারি ও বেসরকারি স্কুলের জন্য পৃথক ভর্তি নীতিমালা প্রকাশ করেছে। এ অনুযায়ী, সব সরকারি স্কুলেই অনলাইনে ভর্তি কার্যক্রম চলবে। রাজধানীর ৩৫টি সরকারি উচ্চমাধ্যমিক স্কুলে ভর্তি ফরম বিতরণ শুরু হবে ৩০ নভেম্বর থেকে। চলবে ১২ ডিসেম্বর পর্যন্ত। এসব স্কুলের মধ্যে প্রথম শ্রেণি রয়েছে ১৪টিতে। প্রথম শ্রেণিতে ভর্তির জন্য লটারি হবে ২৪ ডিসেম্বর। এ ছাড়া সব বিদ্যালয়কে তিনটি গুচ্ছ করে দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত ভর্তি পরীক্ষা হবে যথাক্রমে ১৭, ১৮ ও ১৯ ডিসেম্বর।

তবে উপজেলা পর্যায়ের স্কুল যেখানে বিদ্যুৎ ও ইন্টারনেট সেবা পর্যাপ্ত না থাকায় তারা চাইলে সনাতন পদ্ধতিতে ভর্তি কার্যক্রম পরিচালনা করতে পারবে। গত বছরের মতো এবারও ঢাকা মহানগরীর সরকারি ও বেসরকারি স্কুলে ভর্তিতে নিজ নিজ এলাকার জন্য ৪০ শতাংশ কোটা বরাদ্দ থাকবে।

নীতিমালা অনুযায়ী, ২০১৭ সালে প্রথম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে জানুয়ারির এক তারিখে বয়স ছয় প্লাস হওয়া লাগবে। বয়স প্রমাণে জন্মনিবন্ধন সনদ লাগবে। এছাড়া দ্বিতীয় ও তৃতীয় শ্রেণিতে এবারও ৫০ নম্বরের এক ঘণ্টার এবং চতুর্থ থেকে অষ্টম শ্রেণিতে ১০০ নম্বরের ২ ঘণ্টার পরীক্ষা নেওয়া হবে। জেএসসি ও জেডিসি পরীক্ষার ফলের ভিত্তিতে নবম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে। এছাড়া ৪০ শতাংশ এলাকা কোটার বাইরেও এবার ৫ শতাংশ মুক্তিযোদ্ধা কোটা, ২ শতাংশ প্রতিবন্ধী, এক শতাংশ লিল্লাহ বোর্ডিংয়ের শিশু ও দুই শতাংশ শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। নীতিমালায় রাজধানীর এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও সেশন চার্জ সর্বোচ্চ পাঁচ হাজার টাকা, আংশিক এমপিওভুক্ত ও বেসরকারি স্কুলে এই ফি সর্বোচ্চ আট হাজার টাকা এবং ইংরেজি ভার্সনে সর্বোচ্চ ১০ হাজার টাকা নির্ধারণ করা হয়েছে।